

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৪, ২০২৪

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২০ আষাঢ়, ১৪৩১/০৮ জুলাই, ২০২৪

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২০ আষাঢ়, ১৪৩১ মোতাবেক ০৮ জুলাই, ২০২৪
তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ
করা যাইতেছে:—

২০২৪ সনের ০৮ নং আইন

বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন আইন, ১৯৯২ এর অধিকতর
সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন আইন,
১৯৯২(১৯৯২ সনের ৪৩ নং আইন) এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

- ১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন
(সংশোধন) আইন, ২০২৪ নামে অভিহিত হইবে।
(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।
- ২। ১৯৯২ সনের ৪৩ নং আইনের ধারা ২ এর সংশোধন।—বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ
কমিশন আইন, ১৯৯২(১৯৯২ সনের ৪৩ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা
২ এর দফা (চ) এ দুইবার উল্লিখিত “সচিব” শব্দের পরিবর্তে উভয় স্থানে “পরিচালক (প্রশাসন ও
অর্থ)” শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

(২০৮৯৩)
মূল্য : টাকা ৪.০০

৩। ১৯৯২ সনের ৪৩ নং আইনের ধারা ১০ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১০ এর উপধারা (২) এ উল্লিখিত “সচিব” শব্দের পরিবর্তে “পরিচালক (প্রশাসন ও অর্থ)” শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

৪। ১৯৯২ সনের ৪৩ নং আইনের ধারা ১১ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১১ এর উপাস্তটিকা ও উপধারা (১), (২) ও (৩) এ উল্লিখিত “সচিব” শব্দের পরিবর্তে প্রত্যেক স্থানে “পরিচালক (প্রশাসন ও অর্থ)” শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

কে, এম, আব্দুস সালাম
সিনিয়র সচিব।